

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩৩৭

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/১৭৬. সুমধুর কঠে কুরআন তিলাওয়াত করা।

بَابِ فِي حُسْنِ الصَّوْتِ بِالْقُرْآنِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ بَشِيرِ بْنِ ذَكْوَانَ الدَّمَشْقِيُّ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا الْعُدُ بْنُ أَبِي مُلَيْكَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ السَّائِب، قَالَ قَدِمَ عَلَيْنَا سَعْدُ بْنُ أَبِي وَقَالَ مَنْ أَنْتَ فَأَخْبَرْتُهُ . فَقَالَ مَرْحَبًا بِابْنِ أَخِي وَقَالَ مَنْ أَنْتَ فَأَخْبَرْتُهُ . فَقَالَ مَرْحَبًا بِابْنِ أَخِي بَلَغَنِي أَنَّكَ حَسَنُ الصَّوْتِ بِالْقُرْآنِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " بَلَغَنِي أَنَّكَ حَسَنُ الصَّوْتِ بِالْقُرْآنِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ " إِنَّ هَذَا الْقُرْآنَ نَزَلَ بِحُزْنٍ فَإِذَا قَرَأْتُمُوهُ فَابْكُوا فَإِنْ لَمْ تَبْكُوا فَتَبَاكُوْا وَتَغَنَّوْا بِهِ فَمَنْ لَمْ يَتَغَنَّ بِهِ فَلَيْسَ مِنَّا " .

#### বাংলা

১/১৩৩৭। আবদুর রহমান ইবনুস সাইব (রহ) থেকে বর্ণিত। তিনি বলেন, সা'দ ইবনু আবৃ ওয়াক্কাস (রাঃ) আমাদের নিকট এলেন। তখন তার দৃষ্টিশক্তি লোপ পেয়েছিল। আমি তাকে সালাম দিলে তিনি বলেন, তুমি কে? আমি তাকে আমার পরিচয় দিলে তিনি বলেন, মারহাবা, হে ভাতিজা! আমি জানতে পেরেছি যে, তুমি সুকণ্ঠে কুরআন তিলাওয়াত করো। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছিঃ নিশ্চয় এই কুরআন দুশ্চিন্তার সাথে নাযিল হয়েছে। অতএব তোমরা যখন কুরআন তিলাওয়াত করো, তখন কাঁদো। যদি তোমরা কাঁদতে না পারো, তাহলে কান্নার ভাব জাগ্রত করো এবং সুমধুর স্বরে কুরআন তিলাওয়াত করো। যে ব্যক্তি সুমধুর কণ্ঠে কুরআন তিলাওয়াত করে না, সে আমাদের নয়।

## **English**

It was narrated that 'Abdur-Rahman bin Sa'ib said:

"Sa'd bin Abu Waqqas came to us when he had become blind. I greeted him with Salam and he said: 'Who are you?' So I told him, and he said: 'Welcome, O son of my brother. I have heard that you recite Qur'an in a beautiful voice. I heard the Messenger of Allah () say: "This Qur'an was



revealed with sorrow, so when you recite it, then weep. If you cannot weep then pretend to weep, and make your voice melodious in reciting it. Whoever does not make his voice melodious, he is not one of us."

## ফুটনোট

তাখরীজ কুতুবৃত সিত্তাহ: আবৃ দাউদ ১৪৬৯, আহমাদ ১৪৭৯, ১৫১৫, ১৫৫২।

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: তালীকুর রগীব ২১৫, কিন্তু সুমধুর কণ্ঠে পাঠ করা থেকে সহীহ, সিফাতুস, সলাহ। উক্ত হাদিসের রাবী আবু রাফি' (ইসমাইল বিন রাফি') সম্পর্কে আহমাদ বিন হাম্বল ও ইয়াহইয়া বিন মাঈন তাকে দুর্বল বলেছেন। আমর বিন ফাল্লাস বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ও মুনকার।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন